রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৫১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২১, ২০২৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৬৯—৮৭৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬১১—১৬৪১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৪৫—১৩৫৬ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............................ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস্ : রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৪ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/৩০ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৪৫/২০২৩/কাস্টমস/৫২৫।**—The Customs Act, 1969 এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ (যার বন্ড লাইসেন্স নং-৬২৫/কাস/পিবিডব্লিউ/৮৭, তারিখ : ২৮-০৯-১৯৮৭ খ্রি.) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মাঃ ডলার) |
|---|---|---|
| ১ | Cigarettes, Liquor, Cosmetics, Skin Care, Ladies Fragrance, Mens Fragrances, Imitation Jewellery, Watches, Children Items, Accessories, Chocolate, Logo Items. | ৫০,৬২৪.০০ |
| | মোট = | ৫০,৬২৪.০০ (পঞ্চাশ হাজার ছয়শত চব্বিশ মার্কিন ডলার) |

**নং ৪৬/২০২৩/কাস্টমস/৫২৮।**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে অবস্থিত মেসার্স পোর্টল্যান্ড সার্ভিসেস লিঃ (বন্ড লাইসেন্স নং-এস-৪-৩২/বন্ড/৮৪, HB301PS03284, তারিখ : ১৬-০৮-১৯৮৪ খ্রি.) নামীয় বন্ডেড ওয়্যারহাউস ও শুল্ক মুক্ত বিপণীর ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা (বন্ড লাইসেন্সে উল্লিখিত পণ্যসমূহ) নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য আমদানি প্রাপ্যতা (মাঃ ডলার) |
|---|---|---|
| ১ | প্রভিশন ও ফুড, বন্ডেড স্টোর (Provission & Food, Bonded Stores) | ৫,০০০.০০ |
| ২ | এ্যালকোহলিক বেভারেজ ওয়াইন, ভোদকা, হুইস্কি এবং বিয়ার), টোবাকো, সিগারেট, প্রসাধন সামগ্রী এবং বৈদ্যুতিক ও ইলেকট্রোনিক সরঞ্জামাদি | ৮৫,০০০.০০ |
| | সর্বমোট = | ৯০,০০০.০০ (নব্বই হাজার মার্কিন ডলার) |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

তারিখ : ১৬ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/০১ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৪৭/২০২৩/কাস্টমস/৫৩৩।**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠান মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ (বন্ড লাইসেন্স নং-৩/পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ : ৩১-০৮-১৯৭৮ খ্রি.) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা :

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ | ৮,৬৬,৩১৩.০০ (আট লক্ষ ছেষট্টি হাজার তিনশত তের মাঃ ডলার) |

২। উল্লেখ্য যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২২-২০২৩ অর্থবছরের আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত ১,৯৫,১৬১.৭০ মাঃ ডলার সমন্বয় করতে হবে।

**মুহাঃ মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশ

তারিখ: ১৪ কার্তিক ১৪৩০/৩০ অক্টোবর ২০২৩

**নং ১০.০০.০০০০.১৩০.১১.০৮২.২৩.৪৪১**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সফিকুল আলম, পিতা-নূরুল ইসলাম, মাতা-নূরজাহান বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহ্উদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য সেবা বিভাগ
## শৃঙ্খলা অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৪ অক্টোবর ২০২৩ খ্রি.

**নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.১০২.২০২১-৫৬৮**—যেহেতু, ডা. নাহিদা সুলতানা (১৪১১৭৫), মেডিকেল অফিসার, রামনগর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, নগরকান্দা, ফরিদপুর-এর বিরুদ্ধে ২৩-১১-২০২০ খ্রি. তারিখ থেকে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১৫-১২-২০২১ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১০২.২১-৪৭৪ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ১৪-০৩-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ইতোমধ্যে অভিযুক্ত কর্মকর্তা চাকরি থেকে ইস্তফা প্রদানের আবেদন দাখিল করেছেন এবং এ কারণে বিভাগীয় মামলাটি দ্রুত নিষ্পত্তি করা সমীচীন;

সেহেতু, অভিযুক্ত ডা. নাহিদা সুলতানার স্বাস্থ্যগত ও পারিবারিক সমস্যা এবং চাকরি হতে ইস্তফার বিষয়টি বিবেচনা করে তাকে অভিযোগের দায় থেকে অব্যাহতি দিয়ে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার অনুপস্থিতিকাল ২৩-১২-২০২০ হতে ২৬-০৬-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। ইতোমধ্যে উক্ত সময়ের বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৯-৫৭০**—যেহেতু, ডা. মুহাম্মদ মনিরুল ইসলাম (১৩৪০৪৬), সহকারী সার্জন, ফতেপুর (পূঃ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মতলব উত্তর, চাঁদপুর গত ২৩-০৪-২০১৮ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ২৪-০৩-২০১৯ খ্রি. তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১৯-১৯০ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ১২-০১-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তিনি অভিযোগের সত্যতা স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত ডা. মুহাম্মদ মনিরুল ইসলামকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) অনুসারে আগামী ০৪ (চার) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি ক্রমপুঞ্জীভূত হারে স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করা হলো। তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

একইসঙ্গে অভিযুক্ত কর্মকর্তার অনুপস্থিতিকাল ২৩-০৪-২০১৮ খ্রি. হতে ২৭-১২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। উক্ত সময়ের তার বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে। ২৮-১২-২০২২ খ্রি. হতে পরবর্তী সময়কে বিধি মোতাবেক কর্মকাল হিসেবে গণ্য করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বলা হলো। বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.১৫০.২৭.০১.১০৪.২০১৩-৫৭১**—যেহেতু, ডা. ইমাম-আল-নাজিমুল হক (১০৯৯৯৪), মেডিকেল অফিসার (বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পানছড়ি, খাগড়াছড়ি-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুসারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৩ তারিখের ৪৫.১৫০.২৭.০১.০০.১০৪.২০১৩-৭৫৭ নং স্মারকে অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলার সকল প্রক্রিয়া সম্পন্ন করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৯-০২-২০১৫ খ্রি. তারিখের ৪৫.১৫০.২৭.০১.০০.১০৪.২০১৩-৯৬ নং স্মারকে তাকে পূর্বোক্ত বিধিমালার ৪(৩)(বি) নং বিধি অনুসারে গুরুদণ্ডস্বরূপ চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ায় এ.টি. মামলা ৭৫/২০১৫ দায়ের করেন;

যেহেতু, উক্ত এ.টি. মামলায় প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়ায় ২১-১২-২০১৭ খ্রি. তারিখের রায়ে ডা. ইমাম-আল-নাজিমুল হককে চাকরি হতে বাধ্যতামূলক অবসরের আদেশটি বাতিল করে তাকে চাকরিতে পুনর্বহালপূর্বক বকেয়া বেতন-ভাতাদিসহ যাবতীয় সুবিধা প্রদানের জন্য নির্দেশ প্রদান করেন;

যেহেতু, সরকারপক্ষ বর্ণিত এ.টি মামলায় প্রশাসনিক ট্রাইব্যুনালের উক্তরূপ আদেশের বিরুদ্ধে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকায় এ.এ.টি মামলা ৫৩/২০১৯ রুজু করলে বিজ্ঞ আদালতের ২৫-০৮-২০২০ তারিখের রায়ে আপিল খারিজ হয়;

যেহেতু, সরকারপক্ষ এ.এ.টি মামলার রায়ের বিরুদ্ধে মহামান্য আপিল বিভাগে ১৯১৩/২০২০ নং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল দায়ের করলে মাননীয় আপিল বিভাগের ২৮-০৩-২০২২ খ্রি. তারিখের রায়ে তা খারিজ হয়ে যায়;

যেহেতু, এ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামত চাওয়া হলে আদালতের রায় অদ্যাবধি বলবত রয়েছে মর্মে উল্লেখ করে তা বাস্তবায়নের জন্য বলা হয়;

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকা এবং মহামান্য আপিল বিভাগের আদেশসমূহের পরিপ্রেক্ষিতে ডা. ইমাম-আল-নাজিমুল হককে তার চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদানের তারিখ ০৯-০২-২০১৫ খ্রি. হতে চাকরিতে পুনর্বহাল মর্মে গণ্য করে বিধি মোতাবেক বকেয়া বেতনভাতাসহ প্রাপ্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০৪৭.২০২০-৫৭২**—যেহেতু, ডা. মাকছুদা আকতার (১০০৪০৬৫), সহকারী রেজিস্ট্রার (গাইনি), শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর-এর বিরুদ্ধে গত ০৬-০৩-২০১৯ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ০৪-০৬-২০২০ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৪৭.২০-২২৯ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৯-০৩-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তিনি অভিযোগের সত্যতা স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত ডা. মাকছুদা আকতারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) অনুসারে ০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করা হলো। তার অনুপিস্থিতিকাল ১৩-০৩-২০১৯ খ্রি. হতে ০২-০৩--২০২০ খ্রি. তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। উক্ত সময়ে তার বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে। তিনি কোনো বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না। এ সংক্রান্ত বিভাগয়ি মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১৪৯.২০২০-৫৭৩**—যেহেতু, ডা. মোহাম্মদ মাহবুব আলম মজুমদার (৪১৪৩৪), সহকারী অধ্যাপক (নেফ্রোলজি), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর (সংযুক্ত: কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ) গত ২৬-০৮-২০২০ খ্রি. তারিখে সরকারি চাকুরিতে স্থায়ী হলেও এর আগেই ২০১৬ সালে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতির আবেদনে চাকরি স্থায়ীকরণের মিথ্যা স্মারক ও তারিখ উপস্থাপন করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১১-০৩-২০২১ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১৪৯.২০২০.৯৭ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ১৭-০৫-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য উপরোল্লিখিত বিধিমালার ৭(২)(ঘ) বিধিমতে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং এ কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত ডা. মোহাম্মদ মাহবুব আলম মজুমদারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুযায়ী আগামী ০৪ (চার) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ ষষ্ঠ গ্রেড (৩৫,৫০০—৬৭,০১০/-) স্কেলের বর্তমানে প্রাপ্ত মূল বেতন ৫৭,৮৭০/- টাকা হতে বেতন গ্রেডের নিম্নধাপে ৩৫,৫০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণের লঘুদণ্ড প্রদান করা হলো। দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৩৫,৫০০—৬৭,০১০/- টাকার স্কেলে (ষষ্ঠ গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন। তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৯ অক্টোবর ২০২৩ খ্রি.

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৭.২১-৫৮২**—যেহেতু, জনাব মোঃ নাছির উদ্দিন, উপ-প্রধান (ওএসডি), স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর (বর্তমানে সাময়িক বরখাস্ত); সংযুক্ত: বিভাগীয় স্বাস্থ্য দপ্তর, রাজশাহী-এর বিরুদ্ধে ২০১৭-১৮ অর্থবছরে মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকার জন্য মেডিকেল সরঞ্জাম ক্রয়ে ক্ষমতার অপব্যবহার, অপরাধমূলক বিশ্বাসভঙ্গ এবং প্রতারণা ও দুর্নীতির অভিযোগে দুর্নীতি দমন কমিশন, সজেকা, ঢাকা-১ এ মামলা নং ১৯, তারিখ: ১৭-১২-২০১৯ খ্রি. দায়ের করা হয়;

যেহেতু, উক্ত কর্মকর্তা বিজ্ঞ আদালতে আত্মসমর্পণ করে জামিন গ্রহণ করার পর বিএসআর পাট-১ এর ৭৩ নং বিধির নোট-২, মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের ২১-১১-১৯৭৮ তারিখের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500) এবং রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ খ্রি. তারিখের রাস/ জানি(দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নং আদেশ অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখার ৩০-১১-২০২১ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৭.২১-৪৩৫ নং স্মারকে আদালতে আত্মসমর্পণের তারিখ ১৩-০১-২০২০ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, এ বিষয়ে মতামত চাওয়ার পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৫ শাখার ১৭-০২-২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০. ১৭৪.৯৯.০০২.২০.২১ নং স্মারকে জানানো হয় যে, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারার আওতাভুক্ত হওয়ায় স্বাস্থ্য সেবা বিভাগ সাময়িক বরখাস্ত প্রত্যাহারের বিষয়টি যুক্তিসঙ্গতভাবে বিবেচনা করতে পারে;

যেহেতু, দুর্নীতি দমন কমিশনের সংশ্লিষ্ট মামলায় ইতোমধ্যে ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) হিসেবে মাতৃসদন ও শিশু

স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের পরিচালককে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে;

সেহেতু, জনাব মো. নাছির উদ্দিনের সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধিমোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৪১.২০-৫৮৪**—যেহেতু, ডা. বীথি আজিজ (১১৪৫৭১), প্রভাষক, আইএইচটি, ফৌজদারহাট, চট্টগ্রাম গত ১৭-০৮-২০১৮ হতে ২০-১০-২০১৯ তারিখ পর্যন্ত মোট ০১ বছর ০২ মাস ০৩ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ২১-১০-২০১৯ তারিখে বদলিকৃত কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রামে বিলম্বে যোগদান করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ০৪-০৬-২০২০ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৪১. ২০-২২৮ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২২-০৮-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তিনি অভিযোগের সত্যতা স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত ডা. বীথি আজিজকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক এক বছরের জন্য বার্ষিক বেতনবৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করা হলো। তার অনুপিস্থিতিকাল ১৭-০৮-২০১৮ খ্রি. হতে ২০-১০-২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। উক্ত সময়ে তার বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে। তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১৬১.২০-৫৮৩**—যেহেতু, ডা. রওশন জাহান (১২০৩৮০), লেকচারার, জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম), মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, সিভিল সার্জনের কার্যালয়, ঢাকা) বর্তমানে সাময়িক বরখাস্ত এর বিরুদ্ধে ২০১৭-১৮ অর্থবছরে মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকার জন্য মেডিকেল সরঞ্জাম ক্রয়ে ক্ষমতার অপব্যবহার, অপরাধমূলক বিশ্বাসভঙ্গ এবং প্রতারণা ও দুর্নীতির অভিযোগে দুর্নীতি দমন কমিশন, সজেকা, ঢাকা-১ এ মামলা নং ১৮, তারিখ: ১৭-১২-২০১৯ খ্রি. দায়ের করা হয়;

যেহেতু, উক্ত কর্মকর্তা বিজ্ঞ আদালতে আত্মসমর্পণ করে জামিন গ্রহণ করার পর বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধি নোট-২, মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের ২১-১১-১৯৭৮ তারিখের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500) এবং রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ খ্রি. তারিখের রাস/ জানি(দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নং আদেশ অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখার ২৮-১১-২০২১ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১৬১.২০-৪২৫ নং স্মারকে আদালতে আত্মসমর্পণের তারিখ ২০-০১-২০২০ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, এ বিষয়ে মতামত চাওয়ার পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৫ শাখার ১৭-০২-২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০. ১৭৪.৯৯.০০২.২০.২১ নং স্মারকে জানানো হয় যে, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারার আওতাভুক্ত হওয়ায় স্বাস্থ্য সেবা বিভাগ সাময়িক বরখাস্ত প্রত্যাহারের বিষয়টি যুক্তিসঙ্গতভাবে বিবেচনা করতে পারে;

যেহেতু, দুর্নীতি দমন কমিশনের সংশ্লিষ্ট মামলায় ইতোমধ্যে ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) হিসেবে মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের পরিচালককে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে;

সেহেতু, ডা. রওশন জাহানের সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধিমোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.০২৬.২২-৫৮৫**—যেহেতু, ডা. মাকসুদা বেগম (৪১১৫৬), সহযোগী অধ্যাপক (কমিউনিটি মেডিসিন), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর; সংযুক্ত: শেখ হাসিনা মেডিকেল কলেজ, টাঙ্গাইল গত ২৭-০২-২০১৭ হতে ২৩-০৯-২০২১ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ০৫-০৭-২০২৩ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০২৬.২২-৩৯৬ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,

২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ০৮-০৮-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তিনি অভিযোগের সত্যতা স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত ডা. মাকসুদা বেগম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক এক বছরের জন্য বার্ষিক বেতনবৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড আরোপ করা হলো। তার অনুপিস্থিতিকাল ২৭-০২-২০১৭ হতে ২৩-০৯-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। উক্ত সময়ে তার বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে। তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৮-৫৮৬**—যেহেতু, জনাব তাহমিদ জামিল, ঔষধ তত্ত্বাবধায়ক, জেলা ঔষধ প্রশাসন কার্যালয়, নেত্রকোণা ইতোপূর্বে নওগাঁ জেলায় কর্মরত থাকাকালে জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁর তত্ত্বাবধানে তার ডোপ টেস্ট সম্পন্ন করা হলে ডোপ টেস্ট প্রতিবেদনে Urine for Methamphetamine ICT (Screening) পজিটিভ পাওয়া যায় মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ১০-১১-২০২১ খ্রি. তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৮-৩৯৭ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ০৮-০৮-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত জনাব তাহমিদ জামিলকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) নং বিধিমতে তিরস্কার লঘুদণ্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.০২৩.২৩-৫৮৯**—যেহেতু, ডা. আবিদা সুলতানা (১২৩৩৪৭), জুনিয়র কনসালটেন্ট (অ্যানেসথেশিওলজি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাজীগঞ্জ, চাঁদপুর ইতোপূর্বে শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতাল, টঙ্গী, গাজীপুরে কর্মরত ছিলেন;

যেহেতু, স্বাস্থ্য অধিদপ্তরের ১০-০৪-২০২০ খ্রি. তারিখের ৪৫.০১.০০০০.০০৪.০৮.০০৬.১৯.৫৫-২৫৪ নং স্মারকে কুয়েত-বাংলাদেশ মৈত্রী হাসপাতালে তাকে সংযুক্তিতে পদায়ন করা হয়;

যেহেতু, গত ১১-০৪-২০২০ খ্রি. তারিখে শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনালে হাসপতাল থেকে অবমুক্ত হওয়া সত্ত্বেও তিনি পদায়িত কর্মস্থলে যথাসময়ে যোগদান করেননি এবং তিনি গত ১২-০৪-২০২০ খ্রি. হতে ১২-১২-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ০৭-০৬-২০২৩ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০২৩. ২৩-৩৪৪ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ০৮-০৮-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তিনি অভিযোগের সত্যতা স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত ডা. আবিদা সুলতানা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক এক বছরের জন্য বার্ষিক বেতনবৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড

আরোপ করা হলো। তার অনুপস্থিতিকাল ১২-০৪-২০২০ থেকে ১২-১২-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। উক্ত সময়ে তার বেতন-ভাতা উত্তোলন করা হয়ে থাকলে তা যথানিয়মে সরকারি কোষাগারে প্রত্যর্পণ করতে হবে। তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না। বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৫০.২১-৫৯১**—যেহেতু, ডা. মোহাম্মদ সাঈদুল হক (৪৩১৭৪), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর ইতোপূর্বে তত্ত্বাবধায়ক হিসেবে ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, নওগাঁয় কর্মরত থাকার সময় কোভিড মহামারি চলাকালে ভারত ফেরত একজন রোগী এবং তার সহযোগীকে কোয়ারেন্টাইনের নিয়ম মাফিক ১৪ দিন হাসপাতালে ভর্তি না রেখে ৩ (তিন) দিনের মাথায় ০৩-০৫-২০২১ খ্রি. তারিখে ছাড়পত্র প্রদান করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ০১-০৬-২০২১ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৫০.২১-২০৬ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২৩-০৮-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত ডা. মোহাম্মদ সাঈদুল হককে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক তিরস্কার লঘুদণ্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১১৬.২০-৫৯২**—যেহেতু, ডা. মোঃ মাহফুজার রহমান (১২৫০৬৮), অ্যানেসথেশিওলজিস্ট, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ৯(১)/১০ ধারায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের রামপুরা থানায় দায়েরকৃত মামলা নং-২৫, তারিখ ১৮-১০-২০২০ খ্রি. এর প্রেক্ষিতে গ্রেপ্তারের পর তাকে বিজ্ঞ আদালতের আদেশের জেল-হাজতে অন্তরীণ করা হয়;

যেহেতু, এ পরিপ্রেক্ষিতে বি.এস.আর পার্ট-১ এর ৭৩ নং বিধির ২ নং নোট অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের ১৭-১২-২০২০ খ্রি. তারিখের ৪৫৩ নং স্মারকে উক্ত কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩, ঢাকা-এর ২৩-০৮-২০২২ খ্রি. তারিখের আদেশে উক্ত কর্মকর্তাকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে মামলা নিষ্পত্তি করা হয়;

সেহেতু, ডা. মোঃ মাহফুজার রহমানের সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার**
সিনিয়র সচিব।

---

**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ কার্তিক ১৪৩০/১৯ অক্টোবর ২০২৩

**নং ৪৫.০০.০০০০.১৮২.১৬.০০১.২৩.২০০**—The Companies Act, 1994 এর আওতায় Essecntial Drugs Company Limited (EDCL) এর 'Memorandum and Articles of Association' (সংশোধিত) ম্যানুয়েলের ৫৪(৩) অনুচ্ছেদের আলোকে ২৩-০৯-২০২৩ খ্রি. তারিখে ইডিসিএল পরিচালনা পর্ষদের ১৮২তম সভার সিদ্ধান্ত মোতাবেক অধ্যাপক (ডাঃ) এহসানুল কবির-কে এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক পদে ২২-১০-২০২৩ খ্রি. তারিখ থেকে তার পূর্বের চুক্তির ধারাবাহিকতায় পরবর্তী ০১ (এক) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা হলো। তিনি উক্ত পদে সর্বশেষ মাসে আহরিত বেতন ভাতা অনুযায়ী এবং চুক্তি মোতাবেক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

২। এ চুক্তিভিত্তিক নিয়োগের অন্যান্য শর্ত অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সহকারী সচিব।

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**পার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ নভেম্বর ২০২৩ খ্রি.

**নং ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০৯.২২-৬৮৪**—বিএসআর (পার্ট-১) এর ৪২(২) এবং ৩০০(বি) নং বিধি অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৫-০৫-২০২৩ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০৯.২২-৩৪৯ সংখ্যক প্রজ্ঞাপনের ক্রমিক-০১ এবং ০২-০৮-২০২৩ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০১.২৩-৫২০ সংখ্যক প্রজ্ঞাপনের ক্রমিক-২১ এ উল্লিখিত ডাঃ চন্দনা পাল (১৪৯৮৭৪) এর বেতন নির্ধারণের লক্ষ্যে পূর্বতন চাকরির ধারাবাহিকতা সংরক্ষণ ও মোট পেনশনযোগ্য চাকরিকাল নিম্নোক্তভাবে সংরক্ষণ ও গণনা করা হলো :

| নং | নাম পদবি ও বর্তমান কর্মস্থল | বর্তমান বিসিএস এ যোগদানের তারিখ | স্বাস্থ্য ক্যাডারে যোগদানের পূর্বতন কর্মস্থল | বিসিএস স্বাস্থ্য ক্যাডারে চাকরিতে যোগদানের পূর্বে মোট চাকরিকাল |
|---|---|---|---|---|
| ১. | ডাঃ চন্দনা পাল (১৪৯৮৭৪), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌগাছা, যশোর। | ০৪-১২-২০২২ ইং (৪০তম বিসিএস) | পরিবার করিকল্পনা অধিদপ্তরাধীন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কালুখালী, রাজবাড়ী (২২-০৮-২০২১ ইং তারিখ হতে ২৭-০২-২০২২ ইং তারিখ পর্যন্ত মোট চাকরিকাল ০৬ মাস ০৫ দিন) এবং ৪২তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার (২৮-০২-২০২২ খ্রি. তারিখ হতে ০৩-১২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৯ মাস ০৫ দিন) | ২২-০৮-২০২২ ইং তারিখ হতে ০৩-১২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০১ বছর ০৩ মাস ১১ দিন) |

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান জাহিদ**

সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ অক্টোবর ২০২৩ খ্রি.

**নং ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০৯.২২-৬৮৪**—বিএসআর (পার্ট-১) এর ৪২(২) এবং ৩০০(বি) নং বিধি অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৫-০৫-২০২৩ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০৯.২২-৩৪৯ সংখ্যক প্রজ্ঞাপনের ক্রমিক-০১ এবং ০২-০৮-২০২৩ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০১.২৩-৫২০ সংখ্যক প্রজ্ঞাপনের ক্রমিক-২১ এ উল্লিখিত ডাঃ চন্দনা পাল (১৪৯৮৭৪) এর বেতন নির্ধারনের লক্ষ্যে পূর্বতন চাকরির ধারাবাহিকতা সংরক্ষণ ও মোট পেনশনযোগ্য চাকরিকাল নিম্নোক্তভাবে সংরক্ষণ ও গণনা করা হলো :

| নং | নাম পদবি ও বর্তমান কর্মস্থল | বর্তমান বিসিএস এ যোগদানের তারিখ | স্বাস্থ্য ক্যাডারে যোগদানের পূর্বতন কর্মস্থল | বিসিএস স্বাস্থ্য ক্যাডারে চাকরিতে যোগদানের পূর্বে মোট চাকরিকাল |
|---|---|---|---|---|
| ১. | ডাঃ চন্দনা পাল (১৪৯৮৭৪), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌগাছা, যশোর। | ২৮-০২-২০২২ ইং (৪০তম বিসিএস) | পরিবার করিকল্পনা অধিদপ্তরাধীন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কালুখালী, রাজবাড়ী (২২-০৮-২০২১ ইং তারিখ হতে ২৭-০২-২০২২ ইং তারিখ পর্যন্ত মোট চাকরিকাল ০৬ মাস ০৫ দিন) এবং ৪২তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার (২৮-০২-২০২২ খ্রি. তারিখ হতে ০৩-১২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৯ মাস ০৫ দিন) | ২২-০৮-২০২১ ইং তারিখ হতে ০৩-১২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০১ বছর ০৩ মাস ১১ দিন) |

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান জাহিদ**

সহকারী সচিব।

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
## (সংস্থা-১ শাখা)

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৬ কার্তিক ১৪৩০/০১ নভেম্বর ২০২৩

**নং ৫৬.০০.০০০০.০৫৪.০৪.০০২.২৩-১১৬**—যেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের গত ১২ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত নির্বাচনে মোংলারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় (১২৮ নম্বর ভোটকেন্দ্র)-তে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনকালে তাঁর অধীনস্থ ভোটকেন্দ্রে সংঘটিত অনিয়মের বিরুদ্ধে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার হিসেবে তিনি কোনো ব্যবস্থা গ্রহণ করেননি মর্মে নির্বাচন কমিশন সচিবালয় হতে অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা (০২/২০২৩) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৫-০১-২০২৩ খ্রি. তারিখে লিখিত জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন, যার পরিপ্রেক্ষিতে গত ১৫-০২-২০২৩ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানী অন্তে ন্যায় বিচার নিশ্চিতকরণ ও সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য অভিযোগের বিষয়ে অধিকতর তদন্ত করার জন্য গত ২০-০২-২০২৩ তারিখে জনাব এ. টি. এম. জিয়াউল ইসলাম, যুগ্মসচিব (সাবেক উপসচিব) -কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তকার্য শেষে ২৩-১০-২০২৩ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে এই বিভাগীয় মামলার দায় অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা এর বিরুদ্ধে নির্বাচন কমিশন সচিবালয় হতে আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতাভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) বিধি অনুযায়ী রুজুকৃত বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৬.০০.০০০০.০৫৪.০৪.০০২.২৩-১১৭**—যেহেতু, জনাব মোঃ কাজল মিয়া, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা জাতীয় সংসদের ৩৩ গাইবান্ধা-৫ শূন্য আসনের গত ১২ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত নির্বাচনে কাঞ্চিপাড়া এম. এ. ইউ একাডেমি (০৫ নম্বর ভোটকেন্দ্র)-তে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনকালে তাঁর অধীনস্থ ভোটকেন্দ্রে সংঘটিত অনিয়মের বিরুদ্ধে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার হিসেবে তিনি কোনো ব্যবস্থা গ্রহণ করেননি মর্মে নির্বাচন কমিশন সচিবালয় হতে অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা (০১/২০২৩) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৩-০১-২০২৩ তারিখে লিখিত জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন, যার পরিপ্রেক্ষিতে গত ১৫-০২-২০২৩ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানী অন্তে ন্যায় বিচার নিশ্চিতকরণ ও সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য অভিযোগের বিষয়ে অধিকতর তদন্ত করার জন্য গত ২০-০২-২০২৩ তারিখে জনাব এ. টি. এম. জিয়াউল ইসলাম, যুগ্মসচিব (সাবেক উপসচিব)-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্তকার্য শেষে ২৩-১০-২০২৩ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ কাজল মিয়া, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে জনাব মোঃ কাজল মিয়া, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে এই বিভাগীয় মামলার দায় অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ কাজল মিয়া, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা এর বিরুদ্ধে নির্বাচন কমিশন সচিবালয় হতে আনীত অভিযোগ তদন্তে

সন্দেহাতীতাভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) বিধি অনুযায়ী রুজুকৃত বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সামসুল আরেফিন**
সচিব।

---

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৫ অগ্রহায়ণ ১৪৩০/২০ নভেম্বর ২০২৩

**নং ০৩.০৭.০০০০.০২৩.১৪.২২৬.২০২৩-৩৭৪০**—চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার গন্ডামারা ইউনিয়নের, গন্ডামারা মৌজায় ২৫৯.৪০৮৯ একর জমির উপর বেসরকারি অর্থনৈতিক অঞ্চল "বাঁশখালী এস. আলম অর্থনৈতিক অঞ্চল-২" স্থাপনের নিমিত্ত প্রাক-যোগ্যতাপত্র প্রাপ্তির লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক, এস. আলম গ্রুপ কর্তৃক নির্বাহী চেয়ারম্যান বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবর আবেদন করা হয়েছে। প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চলের জন্য নিম্নবর্ণিত জমির সম্পূর্ণ ২৫৯.৪০৮৯ একর জমি সরকারের নিকট হতে বন্দোবস্ত গ্রহণ করা হয়েছে।

২। বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) ও ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত তফসিল-১ এর অন্তর্ভুক্ত জমি উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অন্তর্ভুক্ত হলে তদ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোনো ব্যক্তি অথবা কোনো আর্থিক প্রতিষ্ঠানের কাছে দায়বদ্ধ থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ২১ (একুশ) দিনের মধ্যে নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিনিয়োগ ভবন (৮ম, ৯ম, ১০ম তলা), ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের/সম্প্রসারণের জন্য অনুমোদিত মাষ্টারপ্ল্যান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্প কারখানা স্থাপন করা হবে। এতদ্ব্যতীত অগ্নিনির্বাপণ ব্যবস্থা, পানি শোধনাগার, পয়:নিষ্কাশন ব্যবস্থা এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট (ETP) স্থাপন করা হবে।

**তফসিল-১**

জেলা-চট্টগ্রাম, উপজেলা-বাঁশখালী, মৌজা-গন্ডামারা, জেএল নং-৫৮
বি. এস দাগ নং : ৭৭৪, ৯০০১, ৯৫০১
মোট বি. এস দাগ সংখ্যা : ৩টি
মোট বি. এস খতিয়ান নং : ১টি
সংশোধিত বি. এস খতিয়ান নং : ১৮০২
মোট নামজারি বি. এস খতিয়ান সংখ্যা : ১টি
মোট জমির পরিমাণ : ২৫৯.৪০৮৯ একর।

**চৌহদ্দি ঃ**

**উত্তরে** : বি. এস. ১ নং দাগের জমি, দক্ষিণে ৯৫০১ দাগের বাকী অংশে এসএস পাওয়ার-১ লিঃ এর মেইন জেটি এরিয়া। **পূর্বে** ৭৬৬, ৭৭৩ ও ৭৭৫ দাগের জমি ও বেড়ীবাঁধ, **পশ্চিমে** বঙ্গোপসাগর।

**নিবন্ধন নং ও নিবন্ধন সাল** : ৫৩১২/১৭

**মোঃ খায়রুল হাসান**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ/২৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-২)২৫৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান নম্বর | উপজেলা/থানা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ৪৩৭৩ = ১টি | পল্লবী | ঢাকা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪৩০/২৩ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৫৭.১২(১)-৪১১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ হাবিবুর রহমান, পিতা-মোঃ জাহাঙ্গীর হোসেন, মাতা-রাশিদা বেগম, গ্রাম-চির্কা, ওয়ার্ড নং-০৮, ডাকঘর-নয়াহাট, উপজেলা-ফরিদগঞ্জ, জেলা-চাঁদপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলার ০৯ নং গোবিন্দপুর উত্তর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।